A Report on Vivek Bazar

A bazaar was organized by 12 student self-help groups at Vivekananda Satavarshiki Mahavidyalaya (Manikpara, Jhargram). The name of the market is 'Vivek Bazar'. A total of sixty students organized the market with their various handicrafts and food items. This bazaar started on 20th of January 2023 under MGNCRE (Mahatma Gandhi National Council of Rural Education, Government of India) unit of our college. The authorities named this market as Vivek Bazar. This market is held once every month in the college premises.

On August 17, 2023 our college completed sixty years of its foundation. On this occasion, the MGNCRE unit organized various programs for seven days (August 10th to August 17th). Seminars were organized on tree plantation, prevention of energy wastage and use of alternative energy, waste management, cleanliness in college premises and adopted villages. At the same time, Vivek Bazar was held on August 17. Exotic food items and local handicrafts were the main attraction of the market. Apart from our college faculty members, alumni, and invited guests visited the market and appreciated the efforts made by our student SHGs. Local delicacies prepared by our students and hygiene at the point of sale were appreciated the most. Almost all the items prepared by the participating students were sold providing small earnings to our students.

Our College Principal Dr. Uma Bhaumik said: “We are overwhelmed by the enthusiasm of our students about Vivek Bazar. I believe that this market will become bigger in a very short time.” Project in-charge and coordinator of Student Self-Help-Groups, Dr Tapas Hait said: “If the first-year students participate in the group this year, the size of the market will further increase and the product range will get more diversified. At present the Vivek Bazar is held once in a month. We have a vision to organize a market every weekend.

ঝাড়গ্রামের কলেজে বর্ণাঢ্য অনুষ্ঠান

নিজস্ব প্রতিনিধি, ঝাড়গ্রাম: ঝাড়গ্রামের মানিকপাড়া বিবেকানন্দ শতবার্ষিকী মহাবিদ্যালয়ে হীরক জয়ন্তী বর্ষ উপলক্ষ্যে বর্ণাঢ্য অনুষ্ঠান হল। ছাত্রছাত্রীদের আয়োজনে কলেজ চত্বরে বসানো হয় হস্তশিল্প ও খাদ্য সামগ্রীর বাজারও। কলেজ কর্তৃপক্ষ বাজারটির নাম দেয় ‘বিবেক বাজার’। কলেজের ছাত্রীদের নিয়ে গঠিত ১২টি দল নিয়মিত হস্তশিল্প ও খাদ্যসামগ্রী তৈরি করে। কলেজ সূত্রে জানা গিয়েছে, কলেজ প্রাঙ্গণে সাতদিন ধরে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। বৃহস্পতিবার কলেজের উদ্যোগে পদযাত্রার আয়োজন করা হয়। মূলত সম্প্রীতির বার্তা দিতেই পদযাত্রা হয় বলে জানা গিয়েছে। কলেজের অধ্যক্ষা উমা ভৌমিক বলেন, কলেজের ৬০ বছর উপলক্ষে এদিন বড় আকারে বাজার বসানো হয়েছিল।

মানিকপাড়ায় কলেজ পড়ুয়াদের বিবেক বাজার

স্বপ্নীল মজুমদার (ঝাড়গ্রাম), ১৭ আগষ্ট ঃ কলেজের হীরক জয়ন্তী বর্ষ উপলক্ষ্যে ছাত্র-ছাত্রীদের আয়োজনে বসলো হস্তশিল্প ও খাদ্য সামগ্রীর বাজার। বৃহস্পতিবার এমনই চিত্র দেখা গেল ঝাড়গ্রাম ব্লকের মানিকপাড়া এলাকার বিবেকানন্দ শতবার্ষিকী মহাবিদ্যালয় ক্যাম্পাসে। এই বাজারে পোশাকি নাম ক্যাম্পাস বাজার। তবে কলেজ কর্তৃপক্ষ নাম দিয়েছেন বিবেক বাজার। কলেজের ছাত্রীদের নিয়ে গঠিত ১২টি দল নিয়মিত হস্তশিল্প সামগ্রী ও খাদ্য সামগ্রী তৈরি করে। প্রতিমাসে একবার করে বসে এই বাজার। এই ক্যাম্পাস বাজারের কো-অর্ডিনেটর হলেন কলেজের বাংলা বিভাগের বিভাগীয় প্রধান ড. তাপস হাইৎ। তিনি বলেন, কলেজের ছাত্রীদের স্বনির্ভর করার জন্য এমন উদ্যোগ। ছাত্রদেরও এমন উদ্যোগে শামিল হওয়ার উদ্যোগ নেওয়া হচ্ছে। কলেজের অধ্যক্ষা উমা ভৌমিক বলেন, কলেজের এই বাজার প্রতি মাসে বসানো হবে। ছাত্র-ছাত্রী ও অধ্যাপক অধ্যাপিকারাই এই বাজারের ক্রেতা। কলেজের ৬০ বছর (হীরক জয়ন্তী) উপলক্ষে এদিন বড় আকারে বাজার বসানো হয়েছিল।

পড়ুয়াদের নিয়ে স্বনির্ভর গোষ্ঠী, কলেজে বাজার

নিজস্ব সংবাদদাতা

মানিকপাড়া

কলেজ ছাত্রীদের নিয়ে গড়া হয়েছে ১২টি পড়ুয়া স্বনির্ভর গোষ্ঠী (স্টুডেন্ট সেলফ হেল্প গ্রুপ)। এই গোষ্ঠীভুক্ত ছাত্রীরা নিজেদের তৈরি হস্তশিল্প সামগ্রী ও খাবারের পসরা নিয়ে বসলেন কলেজ প্রাঙ্গণে। কেনাকাটা করতে সেখানে ভিড় জমালেন কলেজের অন্যান্য ছাত্রছাত্রী ও শিক্ষক-শিক্ষিকারা। এলেন অধ্যক্ষাও।

বৃহস্পতিবার এমনই ছবি দেখা গেল ঝাড়গ্রাম ব্লকের মানিকপাড়া বিবেকানন্দ শতবার্ষিকী মহাবিদ্যালয়ে। ওই কলেজের হীরক জয়ন্তী বর্ষ উদযাপনের শেষ দিনে এই অভিনব বাজার বসেছিল। ১৯৬৪ সালে স্বামীজির জন্মশতবর্ষ উপলক্ষে এই কলেজের সূচনা হয়। সেই কারণে কলেজের নামের সঙ্গে 'বিবেকানন্দ শতবার্ষিকী' কথাটি জুড়ে রয়েছে। গত ১০ অগস্ট থেকে শুরু হয়েছিল হীরক জয়ন্তী সূচনা বর্ষের অনুষ্ঠান। সপ্তাহব্যাপী অনুষ্ঠানের শেষ দিন ছিল বৃহস্পতিবার।

কলেজ সূত্রে জানা গিয়েছে, 'মহাত্মা গান্ধী সেন্ট্রাল কাউন্সিল অফ রুরাল এডুকেশনে'র আওতায় পড়ুয়াদের স্বনির্ভর করার লক্ষ্যে কলেজের বিভিন্ন বর্ষের ছাত্রীদের নিয়ে ১২টি স্বনির্ভর গোষ্ঠী গড়া হয়েছে। ২০২২ সালে কেন্দ্র সরকার এই ধরনের গোষ্ঠী গড়ার উপর জোর দেয়। ওই কলেজ কর্তৃপক্ষের দাবি, পড়ুয়াদের স্বনির্ভর গোষ্ঠী গড়ার ক্ষেত্রে তাঁরা অনেকটাই এগিয়ে রয়েছেন। তবে এখনও ছাত্রদের নিয়ে এমন গোষ্ঠী গড়া যায়নি। স্বনির্ভর গোষ্ঠীগুলির তৈরি সামগ্রী মার্কেটিংয়ের কাজে ছাত্রদের যুক্ত করার উদ্যোগ করা হচ্ছে।

■ স্বনির্ভর গোষ্ঠীভুক্ত পড়ুয়াদের তৈরি জিনিসপত্রের বাজারে চলছে বেচাকেনা। বৃহস্পতিবার। *নিজস্ব চিত্র*

চলতি বছরের ২০ জানুয়ারি থেকে পড়ুয়া স্বনির্ভর গোষ্ঠীগুলির তৈরি সামগ্রী নিয়ে কলেজে মাসিক 'ক্যাম্পাস বাজার' বসানো শুরু হয়। কলেজ কর্তৃপক্ষ বাজারটির নাম দিয়েছেন 'বিবেক বাজার'। হীরক জয়ন্তীর অনুষ্ঠান উপলক্ষে এদিন বড় আকারে সেই বাজার বসেছিল। পড়ুয়াদের স্বনির্ভর গোষ্ঠীসমূহের কো-অর্ডিনেটার তথা কলেজের বাংলার বিভাগীয় প্রধান তাপস হাইৎ জানালেন, পড়াশোনার পাশাপাশি পড়ুয়াদের অর্থনৈতিক ভাবে স্বনির্ভর করার উদ্দেশ্যেই ছাত্রীদের নিয়ে স্বনির্ভর গোষ্ঠী গড়া হয়েছে। এছাড়াও পড়ুয়াদের শিল্পচেতনা ও সৃজনশীলতার বিকাশের লক্ষ্যেও আরও বেশি সংখ্যক ছাত্রছাত্রীকে স্বনির্ভর গোষ্ঠীভুক্ত করতে আগ্রহী করে তোলা হচ্ছে। কলেজের মোট ছাত্রছাত্রী সংখ্যা প্রায় দু'হাজার। এর মধ্যে বিভিন্ন বর্ষের ৬০ জন ছাত্রী ওই ১২টি স্বনির্ভর গোষ্ঠীর অন্তর্ভুক্ত। প্রকল্পের তহবিল থেকে বিনা সুদে ঋণ দেওয়া হয় গোষ্ঠীগুলিকে। সামগ্রী বিক্রি করে ঋণ শোধ করার পরেও লাভের অঙ্ক ভালই থাকে।

এদিন বাজারে ইতিহাস অনার্সের চতুর্থ সিমেস্টারের পড়ুয়া শর্মিষ্ঠা মাহাতো, রাষ্ট্র বিজ্ঞান অনার্সের চতুর্থ সিমেস্টারের পড়ুয়া রানি সেনের স্টলে উপচে পড়া ভিড় ছিল। শর্মিষ্ঠার তৈরি পকোড়া, রানির হাতের কদম ভেজ মোমোর স্বাদ নেওয়ার জন্য কলেজ পড়ুয়াদের পাশাপাশি, শিক্ষক-শিক্ষিকারাও ভিড় করেছিলেন। সামগ্রীও কিনেছেন অনেকে। কলেজের অধ্যক্ষা উমা ভৌমিক বলেন, "এমন বাজার বসানোর ফলে স্বনির্ভর গোষ্ঠীভুক্ত ছাত্রীরা নিজেদের সামগ্রী বিক্রি করে লাভের মুখ দেখছেন।"

লায় জেলায়

ঝাড়গ্রামের বিবেকানন্দ শতবার্ষিকী কলেজের হীরক জয়ন্তী বর্ষ উপলক্ষ্যে শোভাযাত্রা।-নিজস্ব চিত্র

নি
ক
হা
বে
মা
সূ
রা

২৩
স
ডা
হ
কে
পু
মা
স
শু